গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
সদরপুর, ফরিদপুর
www.dss.sadarpur.faridpur.gov.bd

**নম্বর: ৪১.০১.২৯৮৪.০০০.০০১.১৬.০০০২.২৬- ৩৫১**

**তারিখ: ১৮ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ**
**০২ আগষ্ট ২০২৬ খ্রিষ্টাব্দ**

**বিষয়: ২০২৬-২৭ অর্থবছরে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর ভাতার সুবিধাভোগী বাছাইয়ের জন্য অনলাইনে আবেদন গ্রহণ;**
**সূত্র-১: ৪১.০১.০০০০.০০০.০৪৯.১৬.০০৬২.২৪.৬৮৩ তারিখ: ৩০/০৭/২০২৬ খ্রি.**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র উপজেলায় সামাজিক নিরাপত্তা বেষ্টনীর বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা, অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা, বেদে ও হিজড়া জনগোষ্ঠীর ভাতা এবং উপবৃত্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণ, উপকারভোগী নির্বাচন ও ভাতা প্রদানে সূত্রোস্থ পত্র মোতাবেক নির্দেশনা পাওয়া যায়।

০২। চলতি ২০২৬-২৭ অর্থবছরে ভাতা পেতে **০১/০৮/২০২৬ খ্রি. তারিখ হতে ১৫/০৮/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত** সমাজসেবা অধিদপ্তরের ভাতা আবেদনের সফটওয়্যারের অনলাইন সার্ভার এ আবেদন দাখিল করতে হবে, নির্ধারিত সময়ে অনলাইনে আবেদন দাখিল করতে না পারলে পরবর্তীতে এই অর্থবছরে আর আবেদন করা যাবেনা।

০৩। আবেদন দাখিলের ক্ষেত্রে সাধারণ নির্দেশনাবলী:

ক) অনলাইনে আবেদন করার লিংক: **https://dss.bhata.gov.bd/online-application** ও **QR CODE**

খ) **স্থায়ী ঠিকানা:** আবেদনকারীকে অবশ্যই তাঁর নিজ নিজ স্থায়ী ঠিকানায় আবেদন করতে হবে;

গ) মোবাইল ও ব্যাংক অ্যাকাউন্ট: আবেদনকারীর নিজস্ব জাতীয় পরিচয়পত্র (NID) দিয়ে নিবন্ধিত সক্রিয় সিমের মোবাইল নম্বর অথবা ব্যাংক হিসাব নম্বর প্রদান করতে হবে। (ব্যাংক হিসাবের ক্ষেত্রে যোগাযোগের জন্য একটি সক্রিয় মোবাইল নম্বর দিতে হবে); অনলাইনে আবেদন করতে হবে। আবেদনের সময় আবশ্যিকভাবে সক্রিয় মোবাইল হিসেব নম্বর অত্যন্ত সতর্কতার সাথে পূরণ করতে হবে।

ঘ) **প্রতিবন্ধী ভাতা:** প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে অবশ্যই সমাজসেবা অধিদপ্তরের **সুবর্ণ নাগরিক কার্ড** থাকতে হবে;

ঙ) পূর্বের আবেদনকারী: যারা পূর্বে অনলাইনে আবেদন করেছিলেন এবং বর্তমানে অপেক্ষমাণ তালিকায় আছেন, তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। অনলাইনে নতুন আবেদন ও অপেক্ষমাণ তালিকার ভিত্তিতে সংশ্লিষ্ট বাছাই-কমিটির মাধ্যমে নীতিমালা অনুযায়ী উপকারভোগী নির্বাচন করা হবে;

চ) **যোগ্যতা:** আবেদনকারী অন্য কোনো সরকারি নিয়মিত সুবিধা পেয়ে থাকলে এই ভাতার জন্য বিবেচিত হবেন না;

ছ) কার্যকরী তারিখ: চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীগণ ০১ জুলাই ২০২৬ তারিখ হতে ভাতা ও শিক্ষা উপবৃত্তি প্রাপ্য হবেন;

০৩। **সতর্কতা:** সরকারি ভাতা একটি বিনামূল্য সেবা অর্থাৎ ভাতা পেতে নাগরিকদের কোন ফিস দিতে হয়না। ফলে ভাতা গ্রহণের জন্য কোথাও আর্থিক লেনদেনে যুক্ত হয়ে প্রতারিত না হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার আহবান জানানো যাচ্ছে।

০৪। এমতাবস্থায়, **বর্ণিত সময় অনুসারে তাঁর ইউনিয়নে ভাতাগ্রহণেচ্ছু ব্যক্তিদের অনলাইনে আবেদনগ্রহণে প্রয়োজনীয় প্রচার-প্রচারণা ও যথাযথ উদ্যোগ গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।** নির্ধারিত সময়ের পরে চলতি অর্থবছরে ভাতাপ্রাপ্তির জন্য পুনরায় আবেদন গ্রহণ করা হবেনা। এছাড়া আবশ্যিকভাবে সতর্কতার সাথে সক্রিয় মোবাইল একাউন্ট যুক্ত সাপেক্ষে আবেদন করতে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

কাজী শামীম আহমেদ
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য-সচিব
সামাজিক নিরাপত্তা বেষ্টনীর ভাতা
কর্মসূচি বাস্তবায়নসংক্রান্ত উপজেলা কমিটি

**সভাপতি**
**ভাতা বিতরণ সংক্রান্ত ইউনিয়ন কমিটি**
**ও**
**চেয়ারম্যান ...............................ইউনিয়ন পরিষদ**
**সদরপুর, ফরিদপুর।**

**সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য- ২১৪, ফরিদপুর-০৪।
২। পরিচালক (সামাজিক নিরাপত্তা) অধিশাখা, সমাজসেবা অধিদপ্তর, আঁগারগাও ঢাকা।
৩। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ৩/২০ হুমায়ুন রোড, মোহাম্মদপুর, ঢাকা।
৪। জেলা প্রশাসক, ফরিদপুর।
৫। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ফরিদপুর।
৬। প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার সদরপুর, ফরিদপুর।
৭। সভাপতি / সম্পাদক..................... প্রেসক্লাব (সকল), সদরপুর, ফরিদপুর। [বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের অনুরোধসহ]
৮। নোটিশ বোর্ড/ সংরক্ষণ কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
সামাজিক নিরাপত্তা অধিশাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০৪৯.১৬.০০৬২.২৪. ৬৬৬

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩৩ / ৩০ জুলাই ২০২৬

বিষয়: সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় ২০২৬-২০২৭ অর্থবছরে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম (ভাতা ও শিক্ষা উপবৃত্তি) এবং অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম (হিজড়া, বেদে, অনগ্রসর ও চা-শ্রমিকদের ভাতা ও শিক্ষা উপবৃত্তি) বাস্তবায়নের জন্য অনলাইনে আবেদন গ্রহণের সময়সীমা পুন:নির্ধারণ সংক্রান্ত।

সূত্র: সমাজসেবা অধিদপ্তরের স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০৪৯.১৬.০৬২.২৪.৫৮৬, তারিখ: ৩০ জুন ২০২৬

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৬-২০২৭ অর্থবছরে সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম (ভাতা ও শিক্ষা উপবৃত্তি) এবং অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম (হিজড়া, বেদে, অনগ্রসর ও চা-শ্রমিকদের ভাতা ও শিক্ষা উপবৃত্তি) বাস্তবায়নের নিমিত্ত অনলাইনে আবেদন গ্রহণের বিষয়ে সূত্রোক্ত স্মারকে ০১ আগস্ট ২০২৬ তারিখ হতে ৩১ আগস্ট ২০২৬ তারিখ পর্যন্ত সময়সীমা নির্ধারণ করা হয়েছিল।

২। সরকারের নির্বাচনী ইশতেহার অনুযায়ী ফ্যামিলি কার্ড কর্মসূচির আওতায় সারাদেশে জরিপ কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ফ্যামিলি কার্ড কর্মসূচির বাস্তবায়নের নিমিত্ত বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম (ভাতা ও শিক্ষা উপবৃত্তি) এবং অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম (হিজড়া, বেদে, অনগ্রসর ও চা-শ্রমিকদের ভাতা ও শিক্ষা উপবৃত্তি) অনলাইনে আবেদন গ্রহণের সময়সীমা পরিবর্তন করে পুন:নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৩। সূত্রোক্ত পত্রের 'ক'-এ নির্দেশাবলীতে অনলাইন আবেদন গ্রহণের সময়সীমা ০১-৩১ আগস্ট ২০২৬ তারিখ এর পরিবর্তে ০১-১৫ আগস্ট ২০২৬ পর্যন্ত পুন:নির্ধারণ করা হলো এবং অন্যান্য নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।

এমতাবস্থায়, তাঁর আওতাধীন সংশ্লিষ্ট অফিসসমূহকে উপরোক্ত বিষয়ে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

৩০/০৭/২০২৬
(মো: মোশাররফ হোসেন)
পরিচালক (সামাজিক নিরাপত্তা)
☎০২-৪৪৮২৬৮০১
✉ dir.ss@dss.gov.bd

পরিচালক
বিভাগীয় সমাজসেবা কার্যালয়
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/রংপুর/বরিশাল/ময়মনসিংহ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. জেলা প্রশাসক (সকল).........................।
৬. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল).........................।
৭. উপজেলা নির্বাহী অফিসার (সকল)...................।
৮. উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা কার্যালয় (সকল)...............।
৯. সমাজসেবা অফিসার, তেজগাঁও সার্কেল কার্যালয়, ঢাকা।
১০. সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যালয় (সকল)..................।
১১. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (তাকে পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১২. অফিস কপি।